

# সূত্র

প্রিন্ট: ৩০ জুন ২০২৫, ১২:৩১ পিএম

শিক্ষাঙ্গন

## মহানবীকে কটুজির অভিযোগে জাবি শিক্ষার্থী বহিস্কার



জাবি প্রতিনিধি

প্রকাশ: ৩০ জুন ২০২৫, ১০:৫৩ এএম



ফাইল ছবি

মহানবী হজরত মুহাম্মদ (সা.)-কে নিয়ে কটুক্তির অভিযোগে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) এক শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সোমবার (৩০ জুন) সকালে এক বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি জানায় জাবির জনসংযোগ অফিস।

বহিষ্কৃত শিক্ষার্থীর নাম তৌফিক ইসলাম নাবিল। তিনি বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের ৫০তম ব্যাচের শিক্ষার্থী।

জাবির জনসংযোগ অফিসের ভারপ্রাপ্ত পরিচালক মোহাম্মদ মহিউদ্দিন স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, ভূগোল ও পরিবেশ বিভাগের ৫০তম ব্যাচের শিক্ষার্থী তৌফিক ইসলাম নাবিল সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে হযরত মুহাম্মদ (সা.)-কে নিয়ে কটুক্তি করে বাংলাদেশের দণ্ডবিধির ২৯৫(ক) ধারা অনুযায়ী ধর্মীয় অনুভূতিতে আঘাত করে। এর জেরে অভিযুক্তকে সাময়িক বহিষ্কার করা হলো। পাশাপাশি অভিযোগের ভিত্তিতে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে, যার নেতৃত্ব দেবেন সমাজবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. মো. শামছুল আলম।